(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

**গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**

**তজুমদ্দিন, ভোলা।**

www.tazumuddin.bhola.gov.bd

স্মারক নং- ৫১.০১.০৯৯১.০০০.০০০.১১.০০০১.২৬-৫৫৬ তারিখঃ- ২১/০৭/২০২৬খ্রিঃ

## স্বেচ্ছাসেবী নিয়োজিতকরণ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" এর আলোকে আগামী "১লা আগস্ট ২০২৬ হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬" পর্যন্ত দেশব্যাপী ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে তজুমদ্দিন উপজেলায় তথ্য সংগ্রহ ও তদারকির জন্য ০২ (দুই) টি পদের বিপরীতে শুমারি চলাকালীন সময়ের জন্য মন্ত্রণালয় নির্দেশিত চাহিদা অনুযায়ী সম্পুর্ন অস্থায়ী ভিত্তিতে নির্দিষ্ট সংখ্যক স্বেচ্ছাসেবী নিয়োজিত করা হবে। উক্ত কার্যক্রমে সংযুক্ত হতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীদের নিকট হতে আবেদন আহবান করা হচ্ছে।

| ক্র নং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রযোজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য সংগ্রহকারী (৪৫ জন) | ক) নূন্যতম এইচএসসি বা সমমান পাস।<br>খ) বয়সঃ ১৮-৪০।<br>গ) ট্যাবলেট/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৮০%+ নম্বর।<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকা সম্পর্কে ভালো জ্ঞান।<br>ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম।<br>চ) শারীরিকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত। | ক) নারী প্রার্থী ৫০%।<br>খ) স্নাতক বা তদূর্ধ্ব ডিগ্রীধারী ।<br>গ) পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞতা।<br>ঘ) ট্যাবলেট চার্জ, ডেটা লিংক ও অ্যাপ আপডেট নিশ্চিত।<br>ঙ) পূর্বে আইসিটি সংশ্লিষ্ট সরকারি বা আধা-সরকারি কাজের অভিজ্ঞতা। | ক) ফৌজধারি মামলায় দোষী সাব্যস্ত।<br>খ)সরকারী/আধা-সরকারি সংস্থার নিয়মিত বেতন কর্মরত।<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৮০% এর নিচে নম্বর ।<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত। | ক) সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ, ০১ কপি পাসপোর্ট সাইজ ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি ও অভিজ্ঞতার প্রমাণক সংযুক্ত করতে হবে। |
| ০২ | সুপারভাইজার (০৪ জন) | ক) নুন্যতম ব্যচেলর ডিগ্রী বা সমমান পাস।<br>খ) বয়স ২৫-৪৫।<br>গ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরিক্ষায় ৮০% নম্বর।<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান।<br>ঙ) দল নেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা। | ক) প্রতিটি গণনা এরিয়া শারীরিকভাবে পরিদর্শন।<br>খ) প্রতি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-Check) ।<br>গ) সন্ধ্যার পর ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা।<br>ঙ) পূর্বে আইসিটি সংশ্লিষ্ট সরকারি বা আধা-সরকারি কাজের অভিজ্ঞতা। | ক) ফৌজধারি মামলায় দোষী সাব্যস্ত।<br>খ) সরকারী/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত।<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৮০% এর নিচে নম্বর।<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত। | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ, ০১ কপি পাসপোর্ট সাইজ ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও অভিজ্ঞতার প্রমাণক সংযুক্ত করতে হবে। |

- আবেদন ফরম প্রাপ্তির স্থান: ক) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/ উপজেলা সমাজসেবা কার্যালয়, তজুমদ্দিন, ভোলা।
- বিস্তারিত তথ্য জানতে ভিজিট করুন www.dss.tazumuddin.bhola.gov.bd
- আবেদন ফরম ডাউনলোড করতে QR Code স্ক্যান করুন-
- আবেদন ফরম দাখিলের স্থান: ক) উপজেলা সমাজসেবা কার্যালয়, তজুমদ্দিন, ভোলা।

**আবেদন ফরম বিতরণ, দাখিল ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচিঃ**

| ক্র. নং | আবেদন ফরম বিতরণের তারিখ ও সময় (সকাল ০৯:০০ টা হতে বিকাল ০৩:০০ টা) | আবেদন ফরম দাখলের তারিখ ও সময় (সকাল ০৯:০০ টা হতে বিকাল ০৪:০০ টা) | ব্যবহারিক ও মৌখিক পরিক্ষার সময়সূচি (সকাল ০৯:০০ টা হতে বিকাল ০৪:০০ টা) |
|---|---|---|---|
| ০১ | ২১-০৭-২০২৬ খ্রিঃ হতে ২৩-০৭-২০২৬ খ্রিঃ | ২২-০৭-২০২৬ খ্রিঃ হতে ২৩-০৭-২০২৬ খ্রিঃ | শম্ভুপুর ও চাঁদপুরঃ ২৫-০৭-২০২৬ খ্রিঃ<br>সোনাপুর, বড় মলংচড়া ও চাচড়া ঃ ২৬-০৭-২০২৬ খ্রিঃ |

**অন্যান্য শর্তাবলীঃ**

১. তথ্য সংগ্রহকারীগণ শুমারী চলাকলীন নিজ খরচে বাড়িতে গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।
২. ফ্যামিলি কার্ড শুমারী চলাকালীন প্রত্যেক তথ্য সংগ্রকারীর প্রতিদিন নূন্যতম ১২ টি তথ্য সংগ্রহ করতে হবে।
৩. দৈনিক নুন্যতম ০৮ ঘন্টা উক্ত কার্যক্রমের জন্য মাঠ পর্যায়ে নিয়োজিত থাকতে হবে।
৪. মন্ত্রণালয়ের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে তথ্য সংগ্রহকারীগন জরিপ প্রতি ১৫০/- টাকা হারে এবং সুপারভাইজার গন তার অধীনস্থ জরিপকৃত তথ্যের বিপরিতে ৩০/- টাকা হারে সম্মানী প্রাপ্ত হবেন।
৫. তথ্য সংগ্রহের কাজে কোন ভুল-ত্রুটি কিংবা গাফিলতি পরিলক্ষিত হলে সম্মানী কর্তন কিংবা নিয়োগ বাতিলকরণ করা হতে পারে।
৬. সংগৃহীত তথ্যের গোপনীয়তা রক্ষা করা সম্পূর্ণরুপে বাধ্যতামূলক ।
৭. শুমারি কার্যক্রমের জন্য সরবারহকৃত সরকারি মালামাল সযত্নে রক্ষণাবেক্ষণ করতে হবে এবং কার্যক্রম শেষে যথাযথ কর্তৃপক্ষের নিকট ফেরত প্রদান করতে হবে।
৮. নিজ অবহেলায় সরবারহকৃত সরকারি মালামালের কোন প্রকার ক্ষতি সাধন হলে ক্ষতিপূরণ প্রযোজ্য হবে।
৯. কোন পরিবারকে ফ্যামিলি কার্ড পাওয়ার প্রতিশ্রুতি দেওয়া বা বাতিল করার ভয় দেখানো শাস্তিযোগ্য হিসেবে বিবেচনা করা হবে।
১০. ইচ্ছাকৃত তথ্য জালিয়াতি কিংবা অবৈধ আর্থিক লেনদেনের ক্ষেত্রে নিয়োগ বাতিল পূর্বক আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।
১১. নিয়োগকারী কর্তৃপক্ষের **চাহিদা মোতাবেক কার্যক্রম সংশ্লিষ্ট যেকোন নির্দেশ পালনে বাধ্য থাকতে হবে।**

২২/০৭/২৬

মোঃ বনি আমিন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
তজুমদ্দিন, ভোলা।

স্মারক নং- ৫১.০১.০৯৯১.০০০.০০০.১১.০০০১.২৬-৫৫৬ তারিখঃ- ২১/০৭/২০২৬ খ্রিঃ

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

১. মাননীয় স্পীকার, বাংলাদেশ জাতীয় সংসদ ও সংসদ সদস্য, ভোলা-৩।
২. জেলা প্রশাসক, ভোলা।
৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, বরিশাল।
৪. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ভোলা।
৫. উপজেলা সমাজসেবা অফিসার, তজুমদ্দিন, ভোলা। তাকে উক্ত নিয়োগ কার্যক্রমে সাচিবিক দায়িত্ব পালন করার জন্য নির্দেশ প্রদান করা হলো।
৬. সহকারী কমিশনার (ভূমি), তজুমদ্দিন, ভোলা।
৭. অফিসার ইনচার্জ, তজুমদ্দিন, ভোলা।
৮. সদস্য.......................................ফ্যামিলি কার্ড শুমারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, তজুমদ্দিন,ভোলা।
৯. উপজেলা.......................................কর্মকর্তা, তজুমদ্দিন,ভোলা।
১০. চেয়ারম্যান.................................... ইউপি (সকল), তজুমদ্দিন, ভোলা।
১১. জনাব.............................................. ।
১২. অফিস নথি।

মোঃ ছিদ্দিকুর রহমান
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য-সচিব
ফ্যামিলি কার্ড শুমারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
তজুমদ্দিন, ভোলা।